রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা ১০

ঢাকা, ৩রা নভেম্বর, ১৯৮৬

**নং এস আর ও ৪২২-এল/৮৬/শা-১০/নিম্ন-২২/৮৬**—১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (১৯৬১ সনের ৩৯ নং অধ্যাদেশ)-এর ৬(১)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, উক্ত অধ্যাদেশের ৫ ধারার বিধান মোতাবেক "হোটেল এবং রেষ্ট্রেরেন্ট" প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে একই অধ্যাদেশের ৩ ধারার অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উপরোল্লিখিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবেঃ

## তফসিল

### "ক" পরিচ্ছেদ

### হোটেল এন্ড রেষ্ট্রেরেন্ট শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিভাগ

১। প্রথম শ্রেণী (ক) : ৭৫ জন বা ততোধিক কর্মচারী/শ্রমিক সমন্বয়ে চালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যাহা ৫ তারা বা সমমানের হোটেল ও রেষ্ট্রেরেন্ট।

২। প্রথম শ্রেণী (খ) : ৭৫ জন বা ততোধিক কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যাহা ৪ তারা বা সমমানের হোটেল ও রেষ্ট্রেরেন্ট।



মূল্য : ৬০ পয়সা

| | | |
|---|---|---|
| ৩। প্রথম শ্রেণী (গ) | ঃ | ৭৫ জন বা ততোধিক কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মান সম্পন্ন যাহা ৩ তারা বা সমমানের হোটেল ও রেস্টুরেন্ট। |
| ৪। প্রথম শ্রেণী (ঘ) | ঃ | ৭৫ জনের কম কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যেখানে দেশী, বিদেশী নাম, পদ্ধতি, রান্না ও পরিবেশনা হয়, যেমন চাইনিজ রেস্টুরেন্টসমূহ ইত্যাদি। |
| ৫। দ্বিতীয় শ্রেণী (ক) | ঃ | ৪০ জন হইতে ৭৪ জন কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত হোটেল ও রেস্টুরেন্ট। |
| ৬। দ্বিতীয় শ্রেণী (খ) | ঃ | ১৫ জন হইতে ৩৯ জন কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত হোটেল ও রেস্টুরেন্ট। |
| ৭। তৃতীয় শ্রেণী | ঃ | ৮ জন হইতে ১৪ জন কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত হোটেল ও রেস্টুরেন্ট। |

**"খ" পরিচ্ছেদ**

| হোটেল এবং রেস্টুরেন্ট-এর শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মাসিক মোট |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| ১। প্রথম শ্রেণী (ক) | ৬০০ | ৩২০ | ৯২০ |
| ২। প্রথম শ্রেণী (খ) | ৫৭০ | ৩১১ | ৮৮১ |
| ৩। প্রথম শ্রেণী (গ) | ৫৫০ | ৩০৫ | ৮৫৫ |
| ৪। প্রথম শ্রেণী (ঘ) | ৫৩০ | ২৯৯ | ৮২৯ |
| ৫। দ্বিতীয় শ্রেণী (ক) | ৫১০ | ২৯৩ | ৮০৩ |
| ৬। দ্বিতীয় শ্রেণী (খ) | ৪৯০ | ২৮৭ | ৭৭৭ |
| ৭। তৃতীয় শ্রেণী | ৪৭০ | ২৮১ | ৭৫১ |

**ব্যাখ্যা ঃ** প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

| | | |
|---|---|---|
| (১) বাড়ী ভাড়া ভাতা | .. | মূল মজুরীর ৩০%। |
| (২) চিকিৎসা ভাতা | .. | ১০০ টাকা মাসিক। |
| (৩) যাতায়াত ভাতা | .. | ৪০ টাকা মাসিক। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাইজুদ্দিন আহমদ**

উপ-সচিব।

**বিশেষ দ্রষ্টব্য ঃ** এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের এতদসংক্রান্ত সুপারিশ, ১৯৮৬-এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮৬

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯শে জুন ১৯৮৪ তারিখের এস. আর. ও. ২৬৭-এল/৮৪/শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা অত্র বোর্ডকে "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ৮ই জানুয়ারী ১৯৮৫ তারিখের এস, আর, ও, ২৭-এল/৮৫/শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড ছোট বড় বেশ কিছু সংখ্যক হোটেল এন্ড রেস্টুরেন্ট পরিদর্শন করিয়া উহার বর্তমান অবস্থা, শ্রমিকদের কার্য-পদ্ধতি, জীবিকা নির্বাহের ব্যয়, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

অতপরঃ খসড়া সুপারিশ পর্যালোচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প প্রতিষ্ঠানকে সেবামান, কর্মরত শ্রমিক সংখ্যা, আয় ইত্যাদি বিবেচনাক্রমে (১) প্রথম শ্রেণী (ক), (২) প্রথম শ্রেণী (খ), (৩) প্রথম শ্রেণী (গ), (৪) প্রথম শ্রেণী (ঘ), (৫) দ্বিতীয় শ্রেণী (ক), (৬) দ্বিতীয় শ্রেণী (খ) ও (৭) তৃতীয় শ্রেণী এই সাত শ্রেণীতে শ্রেণীভুক্ত করা হয় যাহা সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

২। ১নং সুপারিশ অনুযায়ী বিভিন্ন শ্রেণীর হোটেল এন্ড রেস্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ অনুযায়ী শুধুমাত্র সর্বনিম্ন মজুরীভোগী শ্রমিকদের নিম্নতম মজুরী ঘোষণা করা হইল যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "খ"-এ বলা হইয়াছে।

৩। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৪। "খ" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবেনা। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবেনা। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। "খ" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৬। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পায়।

৭। "খ" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল ফ্যাক্টরী আইনে নিয়ন্ত্রিত হইবে।

এ, কে, এম, আজিজুল হক

চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

ডঃ তাহেরুল ইসলাম
নির্দলীয় সদস্য।

মকবুল আহমেদ
শ্রমিক পক্ষের সদস্য।

এ, বি, এম, শফিকুল ইসলাম
শ্রমিক পক্ষের সদস্য।

কে, এম, নাসিরুল হক
মালিক পক্ষের সদস্য।

এইস, এম, হাকিম আলী
মালিক পক্ষের সদস্য।

---

"ক" পরিচ্ছেদ

হোটেল এন্ড রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিভাগ

| | | |
|---|---|---|
| ১। প্রথম শ্রেণী (ক) | ঃ | ৭৫ জন বা ততোধিক কর্মচারী/শ্রমিক সমন্বয়ে চালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যাহা ৫ তারা বা সমমানের হোটেল ও রেষ্টুরেন্ট। |
| ২। প্রথম শ্রেণী (খ) | ঃ | ৭৫ জন বা ততোধিক কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যাহা ৪ তারা বা সমমানের হোটেল ও রেষ্টুরেন্ট। |
| ৩। প্রথম শ্রেণী (গ) | ঃ | ৭৫ জন বা ততোধিক কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যাহা ৩ তারা বা সমমানের হোটেল ও রেষ্টুরেন্ট। |
| ৪। প্রথম শ্রেণী (ঘ) | ঃ | ৭৫ জনের কম কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যেখানে দেশী, বিদেশী নাম, পদ্ধতি, রান্না ও পরিবেশনা হয়, যেমন চাইনিজ রেষ্টুরেন্টসমূহ ইত্যাদি। |
| ৫। দ্বিতীয় শ্রেণী (ক) | ঃ | ৪০ জন হইতে ৭৪ জন কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত হোটেল ও রেষ্টুরেন্ট। |
| ৬। দ্বিতীয় শ্রেণী (খ) | ঃ | ১৫ জন হইতে ৩৯ জন কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত হোটেল ও রেষ্টুরেন্ট। |
| ৭। তৃতীয় শ্রেণী | ঃ | ৮ জন হইতে ১৪ জন কর্মচারী/শ্রমিক দ্বারা পরিচালিত হোটেল ও রেষ্টুরেন্ট। |

"খ" পরিচ্ছেদ

| হোটেল এবং রেস্টুরেন্ট-এর শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | মাসিক মোট |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| ১। প্রথম শ্রেণী (ক) | ৬০০ | ৩২০ | ৯২০ |
| ২। প্রথম শ্রেণী (খ) | ৫৭০ | ৩১১ | ৮৮১ |
| ৩। প্রথম শ্রেণী (গ) | ৫৫০ | ৩০৫ | ৮৫৫ |
| ৪। প্রথম শ্রেণী (ঘ) | ৫৩০ | ২৯৯ | ৮২৯ |
| ৫। দ্বিতীয় শ্রেণী (ক) | ৫১০ | ২৯৩ | ৮০৩ |
| ৬। দ্বিতীয় শ্রেণী (খ) | ৪৯০ | ২৮৭ | ৭৭৭ |
| ৭। তৃতীয় শ্রেণী | ৪৭০ | ২৮১ | ৭৫১ |

**বিঃ দ্রঃ—প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ**

(১) বাড়ী ভাড়া ভাতা ... মূল মজুরীর ৩০%।

(২) চিকিৎসা ভাতা ... ১০০ টাকা মাসিক।

(৩) যাতায়াত ভাতা ... ৪০ টাকা মাসিক।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।